



ISO-9001:2015 Certified

“শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ”
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1.

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ৭৭৯১৬১০
E-Mail: dhakapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫১৬.০৭.৩০০.১৭- ৩৩২৩

তারিখঃ- ২০/১১/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণের নিমিত্তে আবেদনপত্র আহবান।

অত্র সমিতির ভৌগোলিক এলাকাজুক্ত ঢাকা জেলার সাভার উপজেলার ধামসোনা, শিমুলিয়া, ইয়ারপুর, আশুলিয়া, বিরুলিয়া, পাখালিয়া (আংশিক, ঢাকা আরিচা মহাসড়কের উত্তরপার্শ্বে অবস্থিত গ্রামসমূহ) ইউনিয়ন, গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত শিক্ষিত বেকার যুবক/যুবতীদের নিকট হতে ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্ত ও যোগ্যতার ভিত্তিতে প্রশিক্ষণ দেয়া হবে। পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই কেবলমাত্র সমিতি এলাকায় হাউজ ওয়্যারিং কাজ করার অনুমতি প্রদান করা হবে। বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড হতে ‘সি’ শ্রেণীর লাইসেন্স প্রাপ্ত প্রার্থীগণের আবেদনের পরিপ্রেক্ষিতে সরাসরি সমিতি এলাকায় হাউজ ওয়্যারিং কাজের অনুমোদন প্রদান করা হবে।

শর্তাবলী :

- এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- আবেদনকারীগণ ঢাকা জেলার সাভার উপজেলার ধামসোনা, শিমুলিয়া, ইয়ারপুর, আশুলিয়া, বিরুলিয়া, পাখালিয়া (আংশিক, ঢাকা আরিচা মহাসড়কের উত্তরপার্শ্বে অবস্থিত গ্রামসমূহ) ইউনিয়ন এবং গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।
- হাউজ ওয়্যারিং কাজ করার আর্থসহ প্রয়োজনীয় টুলস ও যন্ত্রপাতি ক্রয় করার সক্ষমতা থাকতে হবে।
- উল্লেখিত এলাকার আর্থসহী প্রার্থীগণকে আগামী ০৫/১২/২০১৭ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, জন্ম তারিখ, ধর্ম, বৈবাহিক অবস্থা ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ করতে হবে। আবেদনপত্রে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রসিদ ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (স্থায়ীভাবে বসবাসের সমর্থনে)-এর সত্যায়িত ফটোকপি ও চারিত্রিক সনদপত্রের মূল কপি সংযুক্ত করে, মুখবন্ধ খামে ভরে ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে। খামের উপরে বামদিকের কর্নারে “ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ কোর্স” কথাটি লিখতে হবে। সকল দলিলাদি A4 সাইজের অফসেট কাগজে ফটোকপি করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে, সত্যায়নকারী অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং সীলে সত্যায়নকারীর নাম, পদবী ও কর্মস্থল উল্লেখ থাকতে হবে। এর ব্যত্যয় ঘটলে আবেদনটি সরাসরি বাতিল করা হবে।
- সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা- এই ঠিকানায় আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- পরবর্তীতে সাক্ষাৎকারের তারিখ ও স্থান জানানো হবে। সাক্ষাৎকারে সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত দলিলাদির মূল কপি সঙ্গে আনতে হবে। কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকেই পরবর্তীতে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুমতি প্রদান করা হবে এবং পত্র দ্বারা প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের আমন্ত্রণ জানানো হবে।
- কোর্সের মেয়াদকাল পত্রে উল্লেখ থাকবে। প্রশিক্ষণ কোর্সটি ঢাকা পবিস-১ এর সদর দপ্তরে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বিল প্রদান করা হবে না।
- প্রার্থীর বয়স ৩০/১১/২০১৭ ইং তারিখে ১৮ হতে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- প্রশিক্ষণ কোর্স চলাকালীন নিজ দায়িত্বে থাকা ও খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- প্রশিক্ষণ শেষে পবিবোর্ড ও পবিস কর্তৃক অনুষ্ঠিত চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীগণ কৃতকার্য হলে, তাদের এই সমিতির তালিকাজুক্ত ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে সমিতির গ্রাহকদের হাউজ ওয়্যারিং কাজ করার অনুমতি প্রদান করা হবে।
- এই প্রশিক্ষণ কোর্স, কোন প্রকার চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না।
- প্রাপ্ত আবেদন বাছাই করার পর এসএসসি পাশ প্রার্থীদের ক্ষেত্রে ৪,০০০.০০(চার হাজার) টাকা করে কোর্স ফি জমা দিতে হবে।
- প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বাগবিবো/পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(এ, এইচ, এম, নজমুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : বহুল প্রচারের অনুরোধসহ।

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর/প্রশিক্ষণ পরিদপ্তর, বাগবিবো, ঢাকা।
- জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর জেলা।
- উপজেলা নির্বাহী অফিসার, সাভার/কালিয়াকৈর উপজেলা।
- ডিজিএম, আশুলিয়া/শ্রীপুর/চন্দ্রা/কালিয়াকৈর/শ্রীপুর/জামগড়া জোনাল অফিস, ঢাকা পবিস-১।
- এজিএম, অর্থ-হিসাব/রাজস্ব/প্রশাসন/এইচআর/ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি, ঢাকা পবিস-১।
- উপজেলা যুব উন্নয়ন অফিসার, সাভার/ কালিয়াকৈর উপজেলা।
- চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, ঢাকা/গাজীপুর।
- প্রধান শিক্ষক, ----- উচ্চ বিদ্যালয়, সাভার/কালিয়াকৈর উপজেলা।
- নোটিশ বোর্ড, সদর দপ্তর, জোনাল অফিস/অভিযোগ কেন্দ্র, ঢাকা পবিস-১।

সিনিয়র জেনারেল ম্যানেজার।